গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
স্থানীয় সরকার শাখা
www.khulna.gov.bd

স্মারক নম্বর : ৪৬.৪৪.৪৭০০.০০০.০২৪.০৭.০০০৩.২৬- ৬৬৯

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

## দরপত্র বিজ্ঞপ্তি

২০২৫-২৬ অর্থ বছরে খুলনা জেলার ০৯টি উপজেলার ৬৮টি ইউনিয়ন পরিষদে কর্মরত ৬২৫ জন গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের নিমিত্ত পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী/প্রস্তুতকারী ঠিকাদারের নিকট হতে পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০২৫ (সর্বশেষ সংশোধিত) বিধি-বিধান মোতাবেক নিম্নলিখিত শর্তানুযায়ী সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

তপশিল 'ক'

| ক্রঃ নং | বিবরণ | | বিস্তারিত তথ্য |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/ বিভাগ | : | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| ২ | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান | : | জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা |
| ৩ | সংগ্রাহক সত্তার নাম | : | জেলা প্রশাসক, খুলনা |
| ৩ | কাজের বিবরণ | : | ২০২৫-২৬ অর্থ বছরে খুলনা জেলার ৬৮টি ইউনিয়নে কর্মরত ৬২৫ জন গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) 'খ' তপশিলে উল্লিখিত পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ |
| ৪ | দরপত্র আহবানের সূত্র | : | স্থানীয় সরকার বিভাগ,ইউপি-২ শাখার ০১-০২-২০২৬ খ্রিঃ তারিখের ৪৬.০১৮.০১১.০০.০০.০০২.২০১১ (অংশ-১)-২৪ নং পত্র |
| ৫ | সংগ্রহ পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) |
| ৬ | অর্থের উৎস | : | পরিচালন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং ১৩৭০১০১/১২০০০১৩০৮/৩৬৩১১০৩; গ্রাম-পুলিশদের পণ্য ও সেবা বাবদ সহায়তা খাত |
| ৭ | দরপত্রের মূল্য | : | ৪,০০০/- ( চার হাজার) টাকা (অফেরতযোগ্য) |
| ৮ | দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান | : | ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, (স্থানীয় সরকার শাখা), খুলনা<br>খ) জেলা প্রশাসকের কার্যালয়, (স্থানীয় সরকার শাখা), খুলনা<br>গ) পুলিশ সুপারের কার্যালয়, খুলনা |
| ৯ | দরপত্র দাতার যোগ্যতা | : | দরপত্রের শর্তাবলি প্রযোজ্য এবং www.khulna.gov.bd ওয়েব সাইটে দেখা যাবে |
| ১০ | দরপত্র জামানত ও দাখিলের পদ্ধতি | : | দরপত্র জামানত বাবদ উদ্ধৃত দরের ৩% অর্থ জেলা প্রশাসক, খুলনার অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের বিডি/ডিডি/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। অকৃতকার্য দরদাতাদের আবেদনক্রমে বিডি/ডিডি/পে-অর্ডার ফেরত দেয়া হবে। |
| ১১ | কাজের মেয়াদ | : | কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৩০ দিন |
| ১২ | দরপত্র আহবানকারীর নাম | : | হুরে জান্নাত |
| ১৩ | পদবী | : | জেলা প্রশাসক, খুলনা |
| ১৪ | ঠিকানা | : | জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা |
| ১৫ | সিডিউল বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র বাক্স উন্মুক্তের তারিখ ও সময় | : | |

| পর্ব | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও শেষ সময় | দরপত্র উন্মুক্তের তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ১৩/০৫/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ৪.০০ টা পর্যন্ত | ১৪/০৫/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত | ১৪/০৫/২০২৬ খ্রি.তারিখ বেলা ৩.০০ টা |
| ২য় | ২০/০৫/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ৪.০০ টা পর্যন্ত | ২১/০৫/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত | ২১/০৫/২০২৬ খ্রি.তারিখ বেলা ৩.০০ টা |
| ৩য় | ০৩/০৬/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ৪.০০ টা পর্যন্ত | ০৪/০৬/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত | ০৪/০৬/২০২৬ খ্রি.তারিখ বেলা ৩.০০ টা |

**১ম পর্বে কাঙ্খিত দর বা মালামালের নমুনা গুণগত মানসম্পন্ন পাওয়া না গেলে ২য় পর্ব হতে পর্যায়ক্রমে দরপত্র গ্রহণ করা হবে**

১৬।

তপশিল 'খ'

পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির বিবরণ:

| ক্রঃ নং | মালামালের নাম | মালামালের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ১. | জামা (পুরুষ) নীল রং | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরবরাহকৃত নমুনা অনুযায়ী নীল রঙের কাপড়, বুকের দুই পাশে দুইটি পকেট, বোতাম ঢাকনাসহ কাঁধে বোতাম ও সোল্ডার সম্বলিত টেকসই সেলাইসহ প্রস্তুতকৃত শার্ট (প্রত্যেকের জন্য ০২ জামা (০১টি হাফ ও ০১টি ফুল জামা) | ৫৯৫×২=১১৯০টি |
| ২. | ফুল প্যান্ট | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরবরাহকৃত নমুনা অনুযায়ী স্টার গোল্ডেন রঙের | ৫৯৫×২=১১৯০টি |

| | | | |
|---|---|---|---|
| ৩. | শাড়ি (মহিলা) | মহিলা পুলিশের শাড়ির অনুরূপ রঙের শাড়ি (প্রত্যেকের জন্য ০২টি করে) | ৩০×২=৬০টি |
| ৪. | পেটিকোট (মহিলা) | মহিলা পুলিশের অনুরূপ রঙের পেটিকোট (প্রত্যেকের জন্য ০২টি করে) | ৩০×২=৬০টি |
| ৫. | ব্লাউজ (ফুলহাতা) | মহিলা পুলিশের ব্লাউজের অনুরূপ রঙের ফুলহাতা ব্লাউজ (প্রত্যেকের জন্য ০২টি করে) | ৩০×২=৬০টি |
| ৬. | সোল্ডার ব্যাচ ও রিভোন | **দফাদার (৬১ জন):** সোল্ডার ব্যাচ-নীল রং ও গোল্ডেন কালারের স্টার, রিভোন আকাশি রং ও গ্রাম পুলিশ লেখা সাদা রঙের এবং **মহল্লাদার (৫৬৪ জন):** সোল্ডার ব্যাচ- নীল রং, রিভোন আকাশি রং ও গ্রাম পুলিশ লেখা সাদা রঙের হবে (প্রত্যেকের জন্য ০২টি করে) | ৬২৫×২=১২৫০টি |
| ৭. | উলের জামা(পুরুষ) নীল রং | নীল রঙের উন্নতমানের উলের জামা (প্রত্যেকের জন্য ০১টি করে) | ৫৯৫টি |
| ৮. | কার্ডিগান (মহিলা) নীল রং | নীল রঙের উন্নতমানের কার্ডিগান (প্রত্যেকের জন্য ০১টি করে) | ৩০টি |
| ৯. | ট্রাউজার | উন্নতমানের ট্রাউজার (প্রত্যেকের জন্য ০১টি করে) | ৬২৫টি |
| ১০ | গেঞ্জি | উন্নতমানের গেঞ্জি (প্রত্যেকের জন্য ০২টি করে) | ৬২৫×২=১২৫০টি |
| ১১ | কটি | উন্নতমানের কটি (প্রত্যেকের জন্য ০১টি করে) | ৬২৫টি |
| ১২ | নেম ব্যাজ (Name Badge) | উন্নতমানের (প্রত্যেকের জন্য ০১টি করে) | ৬২৫টি |
| ১৩ | মনোগ্রাম | উন্নতমানের (প্রত্যেকের জন্য ০১টি করে) | ৬২৫টি |
| ১৪ | কাপড়ের জুতা | উন্নতমানের কাপড়ের জুতা (প্রত্যেকের জন্য ০১ জোড়া করে) | ৬২৫ জোড়া |
| ১৫ | মোজা | উন্নতমানের মোজা (প্রত্যেকের জন্য ০২ জোড়া করে) | ৬২৫×২=১২৫০টি |
| ১৬ | চামড়ার বেল্ট (পুলিশের ন্যায়) | উন্নতমানের চামড়ার বেল্ট (প্রত্যেকের জন্য ০১টি করে) | ৬২৫টি |
| ১৭ | সাইড ব্যাগ | উন্নতমানের (প্রত্যেকের জন্য ০১টি করে) | ৬২৫টি |

১৭।

## শর্তাবলি

(ক) দরপত্র সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে এবং খামের উপর "দফাদার ও মহল্লাদারদের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের দরপত্র" উল্লেখ করতে হবে।

(খ) দরদাতার টিআইএন নম্বর, ভ্যাট নিবন্ধন সনদ, হালনাগাদ ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, অভিজ্ঞতার সনদ, জামানতের বিডি/পে-অর্ডার, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ এবং PG2-7 ফরমে ২৫ লক্ষ টাকার ক্রেডিট কমিটমেন্ট বা লিকুইড এসেট এর সনদ দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) দরপত্র দাতাকে বিগত ০৫ বছরের মধ্যে যে কোন ০৩ (তিন) বছরের কমপক্ষে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকার একই ধরনের কাজের (বিজিবি, পুলিশ, আনসার ও ভিডিপি এবং গ্রাম পুলিশদের পোশাক ও সরঞ্জামাদি সরবরাহের) বাস্তব অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) দরপত্রে বর্ণিত প্রতিটি আইটেমের নমুনা দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নিম্নমানের নমুনা কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

(ঙ) দরপত্রদাতাকে দরপত্র দাখিলের পূর্ব তারিখ পর্যন্ত কমপক্ষে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা ব্যাংক স্থিতির প্রত্যয়ন ও ব্যাংক হিসাবের প্রতিবেদন (স্টেটমেন্ট) দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(চ) দাখিলকৃত দরপত্র জামানত বাবদ উদ্ধৃত দরের ৩% অর্থ জেলা প্রশাসক, খুলনার অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের বিডি/ডিডি/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অকৃতকার্য দরদাতাদের আবেদনক্রমে বিডি/ডিডি/পে-অর্ডার ফেরত দেয়া হবে।

(ছ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্র দরদাতা অবহিত হওয়ার ৩ (তিন) দিনের মধ্যে NOA গ্রহণের পর স্বীকৃত দরের ১০%(দশ) Performance Security বাবদ অর্থ (বিডি/পে-অর্ডার) জেলা প্রশাসক, খুলনার অনুকূলে জমা দিতে হবে।

(জ) পারফরমেন্স গ্যারান্টি প্রদানের পর দরদাতাকে ০৭ (সাত) দিনের মধ্যে জেলা প্রশাসক, খুলনার অনুকূলে " শর্ত মোতাবেক পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করা হবে" মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে শর্ত মোতাবেক পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করা হবে মর্মে অঙ্গীকারনামা স্বাক্ষরের পর কার্যাদেশ প্রদান করা হবে।

(ঝ) কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সকল পোশাক ও সরঞ্জামাদি প্রথমে জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় দাখিল করতে হবে। সরবরাহকৃত পোশাক ও সরঞ্জামাদির গুণগত মান কমিটি কর্তৃক যাচাই-বাছাইঅন্তে সন্তোষজনক বিবেচিত ও অনুমোদিত হলে তা সরবরাহকারীকে এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পৌছে দিয়ে মালামাল সন্তোষজনক মর্মে প্রাপ্তি স্বীকার ও প্রত্যয়ন পত্র এ কার্যালয়ে জমাদানের পর বিলের অর্থ পরিশোধ করা হবে। অগ্রিম কোন বিল প্রদান করা হবে না। সর্বক্ষেত্রে মালামালের পরিবহন খরচ ও শ্রমিকের মজুরী নির্বাচিত দরদাতা/ প্রতিষ্ঠানের ঠিকাদার নিজে বহন করবেন। এ বিষয়ে কোন দাবী-দাওয়া গ্রহণযোগ্য হবে না।

(ঞ) সিডিউলে বর্ণিত পোশাক ও সরঞ্জামাদি যথাযথভাবে গুণগত মান ও মাপ বহির্ভূত হলে তা গ্রহণ করা হবে না। সে ক্ষেত্রে ঠিকাদারের কার্যাদেশ বাতিলপূর্বক জামানত বাজেয়াপ্ত করা হবে। ঠিকাদার তার সরবরাহকৃত পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি ফেরত নিতে বাধ্য থাকবে।

(ট) সরবরাহকৃত পোশাক ও সরঞ্জামাদির গৃহীত দরের উপর প্রচলিত হারে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

(ঠ) নির্ধারিত সময়সীমার মধ্যে সঠিক মানসম্পন্ন সমুদয় মালামাল সরবরাহে ব্যর্থ হলে বা দরপত্রের কোন শর্ত ভঙ্গ করলে তার কার্যাদেশ বাতিলসহ দাখিলকৃত জামানতের অর্থ কর্তৃপক্ষের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

(ড) পোশাক ও সরঞ্জামাদি সরবরাহের ০৬(ছয়) মাসের মধ্যে সরবরাহকৃত মালামালের ত্রুটির বিষয়ে কোন আপত্তি পাওয়া না গেলে ১০%(দশ) Performance Security বাবদ জমাকৃত অর্থের বিডি/ডিডি/পে-অর্ডার আবেদনের মাধ্যমে ফেরত প্রদান করা হবে। মালামালে কোন ত্রুটি পাওয়া গেলে ঠিকাদার উহা নিজ খরচে পুনঃসরবরাহ করতে বাধ্য থাকবেন।

(ঢ) দরপত্রে উল্লিখিত সকল আইটেমের একক ও মোট মূল্য অংকে ও কথায় স্পষ্টভাবে লিখতে হবে। কোন ঘষামাজা/কাটাকাটি/উপর লিখন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

(ণ) দরদাতা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র ভুয়া/জাল প্রমাণিত

(ত) দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য, শর্তাবলি এবং পোশাকের জন্য সরকার কর্তৃক নির্ধারিত কাপড়ের নমুনা অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, খুলনার স্থানীয় সরকার শাখা হতে দেখা যাবে।

(থ) নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই কোন সিডিউল বিক্রয় ও দরপত্র বাক্সে কোন দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র দাখিলের দিন কোন কারণে সরকারি ছুটি থাকলে ছুটির পরবর্তী কার্যদিবসে দরপত্র দাখিল করতে হবে।

(দ) দরপত্রের সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০২৫ (সর্বশেষ সংশোধিত) মোতাবেক পরিচালিত হবে।

(ধ) কর্তৃপক্ষ সর্বনিম্ন দর গ্রহণ করতে বাধ্য নয় এবং সরবরাহযোগ্য পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির প্রকৃত সংখ্যা কমানো/বর্ধিতকরণসহ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। সকল ক্ষেত্রে কর্তৃপক্ষ/ক্রয়কারীর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

29/04/2026
হরে জান্নাত
জেলা প্রশাসক, খুলনা
ও
সভাপতি
গ্রামপুলিশদের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি
ক্রয় সংক্রান্ত জেলা টেন্ডার কমিটি
ফোন-০২৪৭৭-৭২১১১১ (অফিস)
e-mail-dckhulna@mopa.gov.bd

স্মারক নম্বর : ৪৬.৪৪.৪৭০০.০০০.০২৪.০৭.০০০৩.২৬-৩৫৯

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, খুলনা
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
৪. জেলা প্রশাসক.............................(সকল). (খুলনা ব্যতীত) [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
৫. পুলিশ সুপার, খুলনা [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা
৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, খুলনা [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা
১০. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, খুলনা
১১. জেলা শিক্ষা অফিসার, খুলনা
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
১৩. সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, খুলনা
১৪. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)
১৫. সহকারী কমিশনার(গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)
১৭. সম্পাদক, .............................(জাতীয় পত্রিকা)/ দৈনিক.............................. (স্থানীয়), ঢাকা/ খুলনা -বিজ্ঞপ্তিটি আগামী ০৩ দিনের মধ্যে তার দৈনিক পত্রিকার ভিতরের ৩য়/৪র্থ পাতায় সংক্ষিপ্ত পরিসরে ০১ (এক) দিনের জন্য (১৬ ইঞ্চি ৩ কলামে) প্রকাশের ও প্রকাশিত পত্রিকার ০৩ কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮. জেলা প্রতিনিধি, গ্রামপুলিশদের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয় সংক্রান্ত জেলা টেন্ডার কমিটি, খুলনা
১৯. .............................................................................
২০. অফিস কপি/ নোটিশ বোর্ড

29/04/2026
মোঃ আরিফুল ইসলাম
উপপরিচালক,
স্থানীয় সরকার, খুলনা
ও
সদস্য-সচিব
গ্রামপুলিশদের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি
ক্রয় সংক্রান্ত জেলা টেন্ডার কমিটি
ফোন: ০২৪৭৭৭২৮১০৪(অফিস)
ই-মেইল: ddlgkhulna5@gmail.com